

১০. কেন হোটেল/ মোটেল ব্যবসা?

ফিজিক্যাল ফিচার:

১. এই শিল্প ভূমি, ভবন ও বিনোদন ভিত্তিক।
২. ভূমি এধরনের পণ্য, একটি নির্দিষ্ট সময়ে যার দাম বেশী বা কম হতে পারে। কিন্তু দীর্ঘ সময় পর এর মূল্য পৃথিবীর যে কোন স্থানেই বৃদ্ধি পায়।
৩. ভূমি কোন পচনশীল পণ্য নয় এবং হিসাব প্রক্রিয়ায় একে মূল্যহ্রাসমূলক পণ্য হিসেবে গণ্য করা হয়না।
৪. ভূমির মূল্য কখনোই শূন্য হয় না।
৫. পৃথিবীর যে কোন স্থানের সকল আর্থিক প্রতিষ্ঠান ঋণ প্রদানের জন্য ভূমিকে স্থাবর জামানত হিসেবে ব্যবহার করে।
৬. ভবন এর মূল্য কয়েকগুণ বৃদ্ধি করতে পারে, যা আপনার এতে বিনিয়োগকৃত অর্থের সাথে তুলনীয়।
৭. ভবনও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ প্রদানের ক্ষেত্রে জামানত হিসেবে ব্যবহৃত হয়।
৮. ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা হলে ভবনের মূল্য বেশ ওঠানামা করে, মূল্য শূন্য হয় খুবই কম।
৯. বিনোদন এক ধরনের শিল্প যেখানে আপনি ব্যয় করার জন্য বাধ্য নন, কিন্তু আপনি আপনার অর্থ খরচ করে আনন্দ পান।

সেলস্ ফিচার:

১. ৯০% অথবা তার বেশী বিক্রি হচ্ছে সেবা, প্রডাক্ট নয়।
২. সেবা খাত সংশ্লিষ্ট প্রোডাক্টের বিক্রি অ্যাটাচড বা সংযুক্ত রেস্টোরাই খাবার বিক্রির মতো, যা এর প্রকৃত খরচ থেকে ৫ গুণ বেশী দরে বিক্রি করা হয়।
৩. বিক্রির ৯৯% চূড়ান্ত।
৪. ব্যবসা ২৪/৭ ভাগ সচল।

ফিনানসিয়াল ফিচার:

১. এটি ১০০% নগদ বিক্রির ব্যবসা।
২. আপনি দৈনিক আপনার বিক্রি থেকে নগদ পাচ্ছেন।
৩. কোন বৈশিষ্ট্যপূর্ণ প্রকল্পে প্রতি ১ মিলিয়ন ডলার বিনিয়োগের ক্ষেত্রে আপনি দৈনিক গড়ে বিক্রি করেন ১২০০ ডলার। যা দৈনিক ভিত্তিতে ০.১২% ক্যাশ রিটার্নেও সমান। লিনিয়ার ভিত্তিতে এটা প্রতি বছরে ৪৩.৮% এর সমান। কম্পাউন্ড বা চক্রবৃদ্ধি ভিত্তিতে যা প্রতি বছরে ৫০% ক্যাশ রিটার্নেরও বেশী।
৪. এই শিল্পে বিনিয়োগ তুলনামূলকভাবে অধিক নিরাপদ। বিনিয়োগের মূল্য শূন্য হতে পারে না।
৫. এই শিল্পে তহবিল তুলনামূলকভাবে সহজে প্রাপ্য।